

আন্তর্জাতিক

ইরানের অভ্যন্তরে বিভাজন তৈরির চেষ্টা করছে যুক্তরাষ্ট্র-ইসরায়েল

প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬, ১২:৩৩ PM



সামরিক শক্তি প্রয়োগ করে ইরানকে নত করতে ব্যর্থ হওয়ার পর যুক্তরাষ্ট্র ও ইসরায়েল এখন দেশটির অভ্যন্তরে বিভাজন সৃষ্টির চেষ্টা করছে বলে অভিযোগ করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।

দেশটির রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনার প্রতিবেদনে বলা হয়েছে, বড় শহর ও প্রাদেশিক রাজধানীগুলোর মেয়রদের সঙ্গে এক বৈঠকে এ অভিযোগ করেন পেজেশকিয়ান। তিনি বলেন, সামরিক যুদ্ধের মাধ্যমে ইরানের জনগণকে আত্মসমর্পণে বাধ্য করতে ব্যর্থ হওয়ার পর [শত্রুরা] এখন অভ্যন্তরীণ বিভাজন তৈরি এবং তা আরও গভীর করার দিকে মনোযোগ দিয়েছে।

পেজেশকিয়ান জাতীয় ঐক্য ও সংহতি বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, কোনো একটি গোষ্ঠীর নিজেদের [সবজান্তা] মনে করে দেশের অন্যদের দুর্বল করা উচিত নয়। ইরানের প্রেসিডেন্ট আরও বলেন, দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র মোকাবিলায় সব নাগরিকের অংশগ্রহণই সবচেয়ে গুরুত্বপূর্ণ উপায়। জাতীয় ঐক্য ধরে রাখা এবং জনগণের অংশগ্রহণ নিশ্চিত করাই দেশের জন্য গুরুত্বপূর্ণ বলেও উল্লেখ করেন তিনি।



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় কেপপাস্ত্র-ড্রোন হামলার দাবি ছবিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক কেপপাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুখিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুখি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/iraner-obhjtire-bibhajn-toirir-cheshta-krche-juktrasht-irayel>